দৈনিক ইনকিলাব

তারিখ ... FEB 15 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...

# মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে অবস্থান নিলে সরকারের অস্তিত্ব বিলীন হবে

## —ই,শা, আন্দোলন

**স্টাফ রিপোর্টার ঃ** ইসলামী শাসনতন্ত্র আন্দোলনের আমীর হযরত মাওলানা সৈয়দ মোহাম্মদ ফজলুল করীম পীর সাহেব চরমোনাই বলেছেন, আওয়ামী সরকার দেশ পরিচালনায় সর্বক্ষেত্রে চরম ব্যর্থতার পরিচয় দেয়ায় দেশের পরিস্থিতি নাজুক অবস্থায় পৌঁছেছে। এ সরকার মাদ্রাসা শিক্ষাকে বিদায় দেয়ার চক্রান্তে লিপ্ত হয়ে অনৈসলামিক সরকারে পরিণত হয়েছে। দেশ ও ইসলাম রক্ষায় এ সরকারের পতন অপরিহার্য হয়ে পড়েছে। সরকার যদি স্বেচ্ছায় পদত্যাগ না করে তবে আন্দোলনের মাধ্যমে পতন ঘটানো হবে ইনশাআল্লাহ।

ইসলামী শাসনতন্ত্র আন্দোলনের গণমিছিল শেষে পল্টন ময়দানে গতকাল (রবিবার) সকালে অনুষ্ঠিত বিশাল সমাবেশে তিনি সভাপতির বক্তব্য রাখছিলেন। গণমিছিল বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে বায়তুল মোকাররম মসজিদের উত্তর গেটের সামনে দিয়ে যাওয়ার সময় পুলিশ বাধা দেয়ার চেষ্টা করে। কিন্তু পরিস্থিতি বেগতিক দেখে পুলিশ তেমন এ্যাকশনে না গেলেও পুলিশের লাঠির আঘাতে মিছিলের একজন কর্মীর পা ভেঙ্গে যায় এবং অনেকে আহত হয়।

সমাবেশে বক্তব্য রাখেন মহাসচিব মাওলানা নূরুল হুদা ফয়েজী, মাওলানা আবদুল লতিফ চৌধুরী, যুগ্ম মহাসচিব অধ্যাপক এ টি এম হেমায়েত উদ্দিন। আরো বক্তব্য রাখেন মাওলানা সাইফুদ্দিন ইয়াহইয়া, অধ্যাপক মাহবুব রহমান, মুফতী নূর হুসাইন নূরানী ও ছাত্রনেতা ইফতেখার তারিক।

তিনি বলেন, সরকার কতিপয় নাস্তিক মুরতাদ ও এনজিওদের প্ররোচনায় দেশ থেকে মাদ্রাসা শিক্ষা বন্ধের পাঁয়তারা করছে। তিনি বলেন, মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে অবস্থান নিলে সরকারের অস্তিত্ব বিলীন হয়ে যাবে। পীর সাহেব বলেন, শেখ হাসিনা নিজেকে একজন খাঁটি মুসলমান হিসেবে প্রদর্শিত করলেও মাদ্রাসা শিক্ষা বন্ধের চক্রান্ত এবং কপালে তিলক ও মাথায় সিঁদুর গ্রহণ করে তিনি নিজেকে বিতর্কিত করেছেন। তাই তাকে স্পষ্ট করে বলতে হবে তিনি কোন ধর্মে বিশ্বাসী।